# ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রণীত অ্যাসাইনমেন্ট

## গ্রিড


| বিষয় | | সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্ট নম্বর ও সংখ্যা | | | | | | | | | | | | | | | অ্যাসাইনমেন্টের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ | ১৩শ | ১৪শ | ১৫শ | |
| গুচ্ছ ১ | পদার্থবিজ্ঞান/ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ ইসলাম শিক্ষা/শিশুর বিকাশ/ লঘু সংগীত | ১ | ২ | | ৩ | | ৪ | ৫ | | ৬ | ৭ | | ৮ | ৯ | | ১০ | ১০ |
| গুচ্ছ ২ | জীববিজ্ঞান/ উচ্চতর গণিত/ সমাজবিজ্ঞান/ সমাজকর্ম/ ভূগোল/ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা/ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন /আরবি/ গৃহ ব্যবস্থাপনা এবং পারিবারিক জীবন | | ১ | ২ | | ৩ | ৪ | | ৫ | | ৬ | ৭ | ৮ | | ৯ | ১০ | ১০ |
| গুচ্ছ ৩ | রসায়ন/ অর্থনীতি/ পৌরনীতি ও সুশাসন/ যুক্তিবিদ্যা/ হিসাববিজ্ঞান/ খাদ্য ও পুষ্টি/ উচ্চাঙ্গ সংগীত | ১ | | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ | | ৮ | | ৯ | ১০ | | ১০ |
| | মোট | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ৩০ |

বিশেষ দ্রষ্টব্য:

একজন শিক্ষার্থীকে শাখাভিত্তিক ৩টি আবশ্যিক বিষয়ের জন্য ৩০টি অ্যাসাইনমেন্ট তৈরি করে জমা দিতে হবে। ঐচ্ছিক বিষয়ের জন্য কোনো অ্যাসাইনমেন্ট তৈরি করতে হবে না। উল্লেখ্য, সংগীত শাখার শিক্ষার্থীকে ১ম, ৭ম ও ১৩শ সপ্তাহে ৩টি করে অ্যাসাইনমেন্ট তৈরি করতে হবে।

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পদার্থবিজ্ঞান | পত্র: প্রথম | বিষয় কোড: ১৭৪ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা(রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫<br><br>পঞ্চম অধ্যায়<br><br>অধ্যায় শিরোনাম: কাজ,শক্তি ও ক্ষমতা | শিরোনাম: কাজ ও শক্তির সার্বজনীন ধারণার প্রয়োগ সম্পর্কিত সমস্যাবলী<br><br><br>চিত্র ১: আনত তলের উপর দিয়ে কাঠের গুড়ি উপরে তোলা হচ্ছে<br>চিত্রে একটি আনত তল দেখা যাচ্ছে। আনত তলের দৈর্ঘ্য 5 m এবং আনত তলের শীর্ষ বিন্দু থেকে ভূমির দূরত্ব 3m । আনত তলের ঘর্ষণ গুনাঙ্ক 0.2 এবং অভিকর্ষজ ত্বরণ 9.78 $ms^{-2}$ ।<br>এই আনত তলের উপর দিয়ে 20 kg ভরের, 1 m দৈর্ঘ্যের এবং 0.25 m ব্যাসার্ধের একটি কাঠের গুড়ি উপরে তোলা হচ্ছে। চিত্রের ন্যায় একটি দড়ির সাহায্যে গুড়িটি উপরে তোলা হচ্ছে যেখানে দড়ির এক প্রান্ত আনত তলের শীর্ষ বিন্দুতে আটকানো এবং অপর প্রান্ত দিয়ে উপর থেকে দড়িটি টেনে গুড়িটি গড়িয়ে গড়িয়ে তোলা হচ্ছে।<br>(ক) কাঠের গুড়িটির গতির প্রকৃতি কোন ধরনের লিখ। যদি দড়িটির মুক্ত প্রান্তের টানে কাঠের গুড়িটি 15 $ms^{-1}$ বেগে গড়িয়ে চলতে থাকে, তবে কাঠের গুড়িটির গতিশক্তি নির্ণয় করো।<br>(খ) কাঠের এই গুড়িটি আনত তলের পাদ বিন্দু থেকে শীর্ষ বিন্দুতে তুলতে মোট শক্তির পরিমাণ নির্ণয় করো।<br>(গ) কাঠের গুড়িটির স্থলে একই ভর, দৈর্ঘ্য ও ব্যাসার্ধের ফাঁপা সিলিন্ডার হলে, (ক) ও (খ) নং এর ক্ষেত্রে নির্ণেয় গতিশক্তি ও মোটশক্তির মানের কোনো পরিবর্তন হবে কিনা? উত্তরের পক্ষে গাণিতিক যুক্তি বিশ্লেষণ করো।<br>(ঘ) কাঠের গুড়িটি উপরে গড়িয়ে উঠার ক্ষেত্রে, কাঠের গুড়িটির একটি পূর্ণ ঘূর্ণনের জন্য টর্ক 8$Nm$ হলে কাজ কত?<br>(ঙ) এখন যদি তুমি কাঠের এই গুড়িটিকে আনত তলের সাথে $30^0$ কোণে নিচ থেকে ঠেলা দিয়ে আনত তলের পাদ বিন্দু থেকে শীর্ষ বিন্দুতে উঠাতে চাও, সেক্ষেত্রে তুমি কাঠের গুড়িটির উপর কী পরিমাণ বল প্রয়োগ করবে? এভাবে উপরে তোলার ক্ষেত্রে টানা ও ঠেলার মধ্যে কোনটি সুবিধাজনক তা ব্যাখ্যা করো।<br>(চ) আনত তলের পাদবিন্দু থেকে শীর্ষে ওঠানোর জন্য i) আনত তলের সাথে $30^0$ কোণে নিচ থেকে বল প্রয়োগ করলে এবং ii) দড়ির সাহায্যে আনত তল বরাবর বল প্রয়োগ করলে। উভয় ক্ষেত্রেই, শীর্ষে তোলার সাথে সাথে কাঠের গুড়িটিকে খাড়া নিচের দিকে ফেলে দিলে। কাঠের গুড়িটি কি উভয় ক্ষেত্রে একই বেগে ভূ-পৃষ্ঠকে আঘাত করবে? এক্ষেত্রে বায়ুর ঘর্ষণজনিত বাধা উপেক্ষণীয়। উত্তরের পক্ষে গাণিতিক যুক্তি বিশ্লেষণ করো। | • কাজ ও শক্তির সার্বজনীন ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>• স্থির বল এবং পরিবর্তনশীল বল দ্বারা সম্পাদিত কাজ বিশ্লেষণ করতে পারবে।<br>• গতিশক্তির গাণিতিক রাশিমালা প্রতিপাদন ও সমস্যা সমাধানে এর ব্যবহার করতে পারবে।<br>• স্থিতিশক্তির গাণিতিক রাশিমালা প্রতিপাদন ও সমস্যা সমাধানে এর ব্যবহার করতে পারবে। | • এই অ্যাসাইনমেন্টটি প্রস্তুত করতে নিউটনিয়ান গতিবিদ্যার বিভিন্ন পাঠ দেখে নেয়া যেতে পারে। | (নিচের রুব্রিক্স টেবিল) | |

মূল্যায়ন নির্দেশনা(রুব্রিক্স)

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|
| (ক) কাঠের গুড়িটির গতির প্রকৃতি শনাক্ত ও শক্তির পরিমাপ | শক্তির মান নির্ণয় ও গতির প্রকৃতি উপস্থাপন | শক্তির মান নির্ণয় অথবা সূত্র উপস্থাপন ও গতির প্রকৃতি উপস্থাপন | শুধু সূত্র উপস্থাপন অথবা শুধু গতির প্রকৃতি উপস্থাপন | |
| (খ) মোট শক্তির পরিমাপ | - | শক্তির মান নির্ণয় | শুধু সূত্র উপস্থাপন | |
| (গ) গতিশক্তি ও মোটশক্তির মানের তুলনা ও গাণিতিক যুক্তি | প্রয়োজনীয় মান নির্ণয় ও ব্যাখ্যা প্রদান | আংশিক মান নির্ণয় | শুধু সূত্র উপস্থাপন | |
| (ঘ) কাজের পরিমাপ | - | মান নির্ণয় | শুধু সূত্র উপস্থাপন | |
| (ঙ) বলের পরিমাপ এবং টানা ও ঠেলার মধ্যে কোনটি সুবিধাজনক তার ব্যাখ্যা | প্রয়োজনীয় মান নির্ণয় ও ব্যাখ্যা প্রদান | মান নির্ণয় | শুধু সূত্র উপস্থাপন অথবা শুধু ব্যাখ্যা প্রদান | |
| (চ) দুটি ক্ষেত্রেই বেগের পরিমাপ ও যুক্তি | গাণিতিক সূত্রসহ মান নির্ণয় ও গ্রহণযোগ্য যুক্তি উপস্থাপন | গাণিতিক সূত্রসহ মান নির্ণয় অথবা শুধু সূত্র ও যুক্তি উপস্থাপন | শুধু ধারণা উপস্থাপন | |
| এই অ্যাসাইনমেন্টে বরাদ্দকৃত নম্বর: ১৬ | | | মোট নম্বর: | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৮ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

**বিষয়: ইতিহাস** | **পত্র: প্রথম** | **বিষয় কোড: ৩০৪** | **স্তর: এইচএসসি**

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫<br>চতুর্থ অধ্যায়: পাকিস্তানি আমলে বাংলা: ভাষা আন্দোলন ও এর গতি প্রকৃতি | ভাষা আন্দোলনের প্রেক্ষাপট ও প্রকৃতি এবং বাংলাদেশের অভ্যুদয়ে ভাষা আন্দোলনের গুরুত্ব | • ভাষা আন্দোলনের প্রেক্ষাপট এবং প্রকৃতি ধারাবাহিকভাবে ব্যাখ্যা করতে পারবে;<br>• ভাষা শহীদদের অবদান মূল্যায়ন করতে পারবে;<br>• বাংলা ভাষার আন্তর্জাতিকায়ন ব্যাখ্যা করতে পারবে;<br>• ভাষা আন্দোলনে নারী সমাজের ভূমিকা ব্যাখ্যা করতে পারবে | • ভাষা আন্দোলনের পটভূমি বর্ণনা;<br>• ভাষা শহীদদের অবদান মূল্যায়ণ;<br>• বাংলাদেশের অভ্যুদয়ে ভাষা আন্দোলনের গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ;<br>• ভাষা আন্দোলনে নারী সমাজের ভূমিকা;<br>• বাংলা ভাষার আন্তর্জাতিকায়ন; | (নিচের রুব্রিক্স দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক. ভাষা আন্দোলনের পটভূমি: | ভাষা আন্দোলনের পটভূমির বর্ণনা যথাযথ ও ধারাবাহিক | ভাষা আন্দোলনের পটভূমির বর্ণনা অধিকাংশই যথাযথ ও ধারাবাহিক | ভাষা আন্দোলনের পটভূমির বর্ণনা যথাযথ হলেও ধারাবাহিকতার অভাব | ভাষা আন্দোলনের পটভূমির বর্ণনা অপর্যাপ্ত এবং ধারাবাহিকতার অভাব | |
| খ. ভাষা আন্দোলনে ভাষা শহীদদের অবদান: | ভাষা আন্দোলনে ভাষা শহীদদের অবদান যথাযথভাবে মূল্যায়ন | ভাষা আন্দোলনে ভাষা শহীদদের অবদান অধিকাংশই যথাযথভাবে মূল্যায়ন | ভাষা আন্দোলনে ভাষা শহীদদের অবদানের কিছু অংশ মূল্যায়ন | ভাষা আন্দোলনে ভাষা শহীদদের অবদান মূল্যায়ন করতে না পারা | |
| গ. বাংলাদেশের অভ্যুদয়ে ভাষা আন্দোলনের গুরুত্ব: | বাংলাদেশের অভ্যুদয়ে ভাষা আন্দোলনের গুরুত্ব সঠিকভাবে বিশ্লেষন করা | বাংলাদেশের অভ্যুদয়ে ভাষা আন্দোলনের গুরুত্ব অধিকাংশই সঠিকভাবে বিশ্লেষণ করা | বাংলাদেশের অভ্যুদয়ে ভাষা আন্দোলনের গুরুত্বের কিছু অংশ বিশ্লেষণ করা | বাংলাদেশের অভ্যুদয়ে ভাষা আন্দোলনের গুরুত্ব বিশ্লেষণ যথাযথ না হওয়া | |
| ঙ. ভাষা আন্দোলনে নারী সমাজের ভূমিকা | ভাষা আন্দোলনে নারী সমাজের ভূমিকার তথ্যবহুল ও যথাযথ ব্যাখ্যা | ভাষা আন্দোলনে নারী সমাজের ভূমিকার অধিকাংশই তথ্যবহুল ও যথাযথ ব্যাখ্যা | ভাষা আন্দোলনে নারী সমাজের ভূমিকার কিছু অংশ ব্যাখ্যা | ভাষা আন্দোলনে নারী সমাজের ভূমিকার তথ্যহীন ব্যাখ্যা | |
| ঘ. বাংলা ভাষার আন্তর্জাতিকায়ন | বাংলা ভাষার আন্তর্জাতিকায়নের ব্যাখ্যা যথাযথ ও সৃজনশীল | বাংলা ভাষার আন্তর্জাতিকায়নের ব্যাখ্যা অধিকাংশই যথাযথ ও সৃজনশীল | বাংলা ভাষার আন্তর্জাতিকায়নের ব্যাখ্যা যথাযথ হলেও সৃজনশীল নয় | বাংলা ভাষার আন্তর্জাতিকায়নের ব্যাখ্যা যথাযথ নয় ও সৃজনশীলও নয় | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টে বরাদ্দকৃত নম্বরঃ ২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১২-১৫ | উত্তম |
| ০৮-১১ | ভালো |
| ০৭ বা এর চেয়ে কম | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনম্যান্ট

বিষয়: ইসলামের ইতিহাস ও সংস্কৃতি    পত্র: প্রথম    বিষয় কোড : ২৬৭    স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৫<br>দ্বিতীয় অধ্যায়: হযরত মুহাম্মদ (স) | মহানবি হযরত মুহাম্মদ (স) এর বিদায় হজের ভাষণে উদার ধর্মীয়, মানবতাবাদী চেতনা ও সমাজ সংস্কার ব্যক্তি ও সমাজ জীবনে প্রতিফলনের উপায়সমূহের বর্ণনামূলক প্রতিবেদন প্রণয়ন করো। | বিদায় হজের ভাষণের উদার, মানবতাবাদী চেতনা ও সমাজ সংস্কারের বিষয়াবলি বর্ণনা করতে পারবে এবং নিজ ও সমাজ জীবনে সেসবের প্রতিফলন ঘটাতে সক্ষম হবে। | ক). বিদায় হজের ভাষণের পটভূমি ব্যাখ্যা<br>খ). বিদায় হজের ভাষণের ধর্মীয় উপদেশাবলি বিশ্লেষণ<br>গ). বিদায় হজের ভাষণের ব্যক্তিগত ও পারিবারিক জীবনে পালনীয় বিষয়াবলির পর্যালোচনা<br>ঘ) বিদায় হজের ভাষণের আর্থ-সামাজিক উপদেশগুলো জীবনে প্রতিফলনের উপায়সমূহ | (নিচের রুব্রিক্স) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক). বিদায় হজের ভাষণের পটভূমি | বিদায় হজের ভাষণের পটভূমি যথাযথ ব্যাখ্যা করলে | বিদায় হজের ভাষণের পটভূমি অধিকাংশ ব্যাখ্যা করলে | বিদায় হজের ভাষণের পটভূমি আংশিক ব্যাখ্যা করলে | বিদায় হজের ভাষণের পটভূমি ব্যাখ্যায় সীমাবদ্ধতা আছে | |
| খ). বিদায় হজের ভাষণের ধর্মীয় উপদেশাবলি | বিদায় হজের ভাষণের ধর্মীয় উপদেশাবলি যথাযথ বিশ্লেষণ করলে | বিদায় হজের ভাষণের ধর্মীয় উপদেশাবলি অধিকাংশ বিশ্লেষণ করলে | বিদায় হজের ভাষণের ধর্মীয় উপদেশাবলি আংশিক বিশ্লেষণ করলে | বিদায় হজের ভাষণের ধর্মীয় উপদেশাবলি বিশ্লেষণে সীমাবদ্ধতা আছে | |
| গ). বিদায় হজের ভাষণের ব্যক্তিগত ও পারিবারিক জীবনে পালনীয় বিষয়াবলি | বিদায় হজের ভাষণের ব্যক্তিগত ও পারিবারিক জীবনে পালনীয় বিষয়াবলি যথাযথ পর্যালোচনা করলে | বিদায় হজের ভাষণের ব্যক্তিগত ও পারিবারিক জীবনে পালনীয় বিষয়াবলি অধিকাংশ পর্যালোচনা করলে | বিদায় হজের ভাষণের ব্যক্তিগত ও পারিবারিক জীবনে পালনীয় বিষয়াবলি আংশিক পর্যালোচনা করলে | বিদায় হজের ভাষণের ব্যক্তিগত ও পারিবারিক জীবনে পালনীয় বিষয়াবলির পর্যালোচনায় সীমাবদ্ধতা আছে | |
| ঘ) বিদায় হজের ভাষণের আর্থ-সামাজিক উপদেশগুলোর প্রতিফলন | বিদায় হজের ভাষণের আর্থ-সামাজিক উপদেশগুলো জীবনে প্রতিফলনের উপায়সমূহের ব্যাখ্যায় সৃজনশীলতা পরিলক্ষিত হলে | বিদায় হজের ভাষণের আর্থ-সামাজিক উপদেশগুলো জীবনে প্রতিফলনের উপায়সমূহের ব্যাখ্যায় সৃজনশীলতা অধিকাংশ পরিলক্ষিত হলে | বিদায় হজের ভাষণের আর্থ-সামাজিক উপদেশগুলো জীবনে প্রতিফলনের উপায়সমূহের ব্যাখ্যায় সৃজনশীলতা আংশিক পরিলক্ষিত হলে | বিদায় হজের ভাষণের আর্থ-সামাজিক উপদেশগুলো জীবনে প্রতিফলনের উপায়সমূহের ব্যাখ্যায় সীমাবদ্ধতা আছে | |
| | | | | মোট | |

মোট নম্বর:১৬

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ০-০৭ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: রসায়ন | পত্র: প্রথম | বিষয় কোড: ১৭৬ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা/ (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫<br><br>তৃতীয় অধ্যায়: মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধন | অর্বিটালের সংকরণ ও রাসায়নিক বন্ধন | • অর্বিটাল অধিক্রমনের ভিত্তিতে সমযোজী বন্ধনের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করতে পারবে<br>• অর্বিটালের সংকরণের ধারণা ও সংকর অর্বিটালের প্রকারভেদ ব্যাখ্যা করতে পারবে<br>• সংকর অর্বিটালের সাথে সমযোজী যৌগের আকৃতির সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে<br>• অণুর আকৃতি ও বন্ধন কোণের উপর মুক্ত জোড় ইলেকট্রনের প্রভাব ব্যাখ্যা করতে পারবে<br>• সমযোজী যৌগের আয়নিক বৈশিষ্ট্য এবং আয়নিক যৌগের সমযোজী বৈশিষ্ট্য বিশ্লেষণ করতে পারবে<br>• হাইড্রোজেন বন্ধন গঠন ব্যাখ্যা করতে পারবে<br>• $H_2O$ তরল হলেও $H_2S$ গ্যাসীয় হওয়ার কারণ বিশ্লেষণ করতে পারবে | ক) অর্বিটাল অধিক্রমনের ভিত্তিতে সমযোজী বন্ধনের শ্রেণিবিভাগ<br><br>খ) যৌগের দ্রাব্যতায় যৌগে উপস্থিত মৌলসমূহের পোলারায়নের প্রভাব ব্যাখ্যা<br><br>গ) অণুর বন্ধন কোণের উপর মুক্তজোড় ইলেকট্রনের প্রভাব ব্যাখ্যা<br><br>ঘ) বিভিন্ন ভৌত অবস্থায় পানির অণুসমূহের মধ্যে আন্তঃআণবিক আকর্ষণ বল ব্যাখ্যা | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক) ইথাইন অণু গঠনে $\sigma$ ও $\pi$ বন্ধনের ব্যাখ্যা | অর্বিটাল চিত্রসহ $\sigma$ ও $\pi$ বন্ধনের যথাযথ ব্যাখ্যা | অর্বিটাল চিত্রসহ $\sigma$ ও $\pi$ বন্ধনের অধিকাংশ সঠিক ব্যাখ্যা | অর্বিটাল চিত্রসহ $\sigma$ ও $\pi$ বন্ধনের আংশিক ব্যাখ্যা | অর্বিটাল চিত্র/ $\sigma$ বন্ধন/ $\pi$ বন্ধন | |
| খ) ফাজানের নীতি উল্লেখ করে পানিতে সিলভার হ্যালাইডসমূহের দ্রাব্যতার ক্রম ব্যাখ্যা | নীতি উল্লেখ এবং হ্যালাইডসমূহের দ্রাব্যতার ক্রম যথাযথ ব্যাখ্যা | নীতি উল্লেখ এবং হ্যালাইডসমূহের দ্রাব্যতার ক্রম অধিকাংশ সঠিক ব্যাখ্যা | নীতি উল্লেখ এবং হ্যালাইডসমূহের দ্রাব্যতার ক্রম আংশিক ব্যাখ্যা | নীতি উল্লেখ/ হ্যালাইডসমূহের দ্রাব্যতার ক্রম উল্লেখ | |
| গ) C, N, O এর হাইড্রাইডসমূহের সংকরণ ও এদের বন্ধন কোণের ভিন্নতার কারণ ব্যাখ্যা | সংকরণ ও বন্ধন কোণের ভিন্নতার কারণ যথাযথ ব্যাখ্যা | সংকরণ ও বন্ধন কোণের ভিন্নতার কারণ অধিকাংশ সঠিক ব্যাখ্যা | সংকরণ ও বন্ধন কোণের ভিন্নতার কারণ আংশিক ব্যাখ্যা | একটি অণুর সংকরণ/ বন্ধন কোণ | |
| ঘ) কঠিন, তরল ও গ্যাসীয় অবস্থায় পানির অণুসমূহে হাইড্রোজেন বন্ধনের প্রভাব ব্যাখ্যা | হাইড্রোজেন বন্ধনের প্রভাব যথাযথ ব্যাখ্যা | হাইড্রোজেন বন্ধনের প্রভাব অধিকাংশ সঠিক ব্যাখ্যা | হাইড্রোজেন বন্ধনের প্রভাব আংশিক ব্যাখ্যা | হাইড্রোজেন বন্ধন | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬

বি:দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০-১০০%, অধিকাংশ সঠিক = ৭০-৭৯%, আংশিক = ৫০-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৪-১৬ | অতি উত্তম |
| ১১-১৩ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৭ বা ৭ এর কম | অগ্রগতি প্রয়োজন |

বিষয়: অর্থনীতি পত্র: প্রথম বিষয় কোড: ১০৯ স্তর: এইচএসসি

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট</th><th>শিখনফল/বিষয়বস্তু</th><th>নির্দেশনা (সংকেত/ধাপ/ পরিধি)</th><th>মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr>
<td>৫<br><br>তৃতীয় অধ্যায়: উৎপাদন, উৎপাদন ব্যয় ও আয়</td>
<td>উৎপাদনের পরিবর্তনীয় উপকরণ অনুপাত বিধির সাথে মোট, গড় ও প্রান্তিক ব্যয়ের সম্পর্ক বিশ্লেষণ।<br><br>কটি স্টিল মিলের বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ স্থির রেখে প্রতি একক শ্রমিক নিয়োগের ফলে তাদের স্টিল মিলের উৎপাদন মাসিক প্রথমে ক্রমবর্ধমানহারে ও পরবর্তীতে ক্রমহ্রাসমানহারে এবং উৎপাদন ব্যয় প্রথমে ক্রমহ্রাসমানহারে ও পরবর্তীতে ক্রমবর্ধমানহারে হয়। এ সম্পর্ক হতে উৎপাদনের পরিবর্তন এবং মোট, গড় ও প্রান্তিক ব্যয়ের গাণিতিক বিশ্লেষণ</td>
<td>• উৎপাদন অপেক্ষক গঠন করে তা বর্ণনা করতে পারবে<br>• উৎপাদনের কোনো একটি উপকরণ বা উপকরণসমূহের পরিবর্তনের ফলে উৎপাদনের পরিবর্তন ব্যাখ্যা করতে পারবে<br>• উৎপাদন ব্যয়ের ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• মোট, গড় ও প্রান্তিক ব্যয়ের মধ্যে তুলনা করতে পারবে</td>
<td>• উৎপাদন অপেক্ষক<br>• পরিবর্তনীয় উপকরণ অনুপাত বিধি<br>• উৎপাদন ব্যয় ধারণা<br>• মোট, গড় ও প্রান্তিক ব্যয়ের সূচি ও চিত্র</td>
<td>
<table>
<tr><th rowspan="2">নির্দেশক</th><th colspan="4">পারদর্শিতার মাত্রা/নম্বর</th><th rowspan="2">স্কোর</th></tr>
<tr><th>৪</th><th>৩</th><th>২</th><th>১</th></tr>
<tr><td>ক) উৎপাদন অপেক্ষক</td><td>স্বল্প ও দীর্ঘমেয়াদী উৎপাদন অপেক্ষকের উদাহরণসহ প্রত্যাশিত ব্যাখ্যা</td><td>স্বল্প ও দীর্ঘমেয়াদী উৎপাদন অপেক্ষকের উদাহরণ ছাড়া ব্যাখ্যা</td><td>একটির উদাহরণসহ ব্যাখ্যা</td><td>একটির উদাহরণ ছাড়া ব্যাখ্যা</td><td></td></tr>
<tr><td>খ) পরিবর্তনীয় উপকরণ অনুপাত বিধি</td><td>পরিবর্তনীয় উপকরণ অনুপাত বিধিটি সূচি,চিত্র ও ব্যাতিক্রমসহ ব্যাখ্যা</td><td>পরিবর্তনীয় উপকরণ অনুপাত বিধিটি সূচি ও চিত্রের সাহায্যে ব্যাখ্যা</td><td>পরিবর্তনীয় উপকরণ অনুপাত বিধিটি সূচি বা চিত্রের সাহায্যে ব্যাখ্যা</td><td>পরিবর্তনীয় উপকরণ অনুপাত বিধির ব্যাখ্যায় অস্পষ্টতা</td><td></td></tr>
<tr><td>গ) উৎপাদন ব্যয় ধারণা</td><td>স্বল্পকাল ও দীর্ঘকালের প্রেক্ষিতে উদাহরণসহ ব্যাখ্যা</td><td>স্বল্পকাল ও দীর্ঘকালের প্রেক্ষিতে উদাহরণ ছাড়া ব্যাখ্যা</td><td>যে কোনো একটির ব্যাখ্যা</td><td>উৎপাদন ব্যয় ধারণাটির ব্যাখ্যায় অস্পষ্টতা</td><td></td></tr>
<tr><td>ঘ) মোট, গড় ও প্রান্তিক ব্যয়ের সম্পর্ক বিশ্লেষণ</td><td>মোট ,গড় ও প্রান্তিক ব্যয়ের সূচি ও চিত্রের ব্যাখ্যা</td><td>মোট, গড় ও প্রান্তিক ব্যয়ের,যেকোনো দুটির সূচি ও চিত্রের ব্যাখ্যা</td><td>মোট, গড় ও প্রান্তিক ব্যয়ের,যে কোনো একটির সূচি ও চিত্রের ব্যাখ্যা</td><td>যে কোনো একটির সূচি বা চিত্রের ব্যাখ্যা</td><td></td></tr>
<tr><td colspan="5">প্রাপ্ত নম্বর:</td><td></td></tr>
</table>
বরাদ্দকৃত মোট নম্বর:১৬<br>
বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%
</td>
<td></td>
</tr>
</table>

| নম্বরের ব্যপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০৭ বা এর কম | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পৌরনীতি ও সুশাসন | পত্র: প্রথম | বিষয় কোড: ২৬৯ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫<br>সপ্তম অধ্যায়: সরকার কাঠামো | 'সংসদীয় সরকার ব্যবস্থা অধিকতর গণতান্ত্রিক'- যৌক্তিকতা নিরূপণ | • বিভিন্ন ধরনের রাষ্ট্রে সরকারের কাঠামো বর্ণনা করতে পারবে। | • গণতন্ত্র, সংসদীয় গণতন্ত্র এবং রাষ্ট্রপতি শাসিত সরকার<br>• সংসদীয় এবং রাষ্ট্রপতি শাসিত সরকারের সম্পর্ক | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. গণতন্ত্র ও গণতন্ত্রের বৈশিষ্ট্য | গণতন্ত্র ও গণতন্ত্রের বৈশিষ্ট্য সুস্পষ্টভাবে লিখেছে | গণতন্ত্র ও গণতন্ত্রের বৈশিষ্ট্য অধিকাংশ লিখেছে | শুধু গণতন্ত্রের সংজ্ঞা আংশিক লিখেছে | গণতন্ত্র ও গণতন্ত্রের বৈশিষ্ট্য সম্পর্কে লেখা অস্পষ্ট | |
| খ. সংসদীয় সরকার ও এর বৈশিষ্ট্য | সংসদীয় সরকার ও এর বৈশিষ্ট্য সুস্পষ্টভাবে লিখেছে | সংসদীয় সরকার ও এর বৈশিষ্ট্য আংশিক লিখেছে | শুধু সংসদীয় সরকার সম্পর্কে লিখেছে | সংসদীয় সরকার ও এর বৈশিষ্ট্য আংশিক লিখেছে | |
| গ. রাষ্ট্রপতি শাসিত সরকার ও এর বৈশিষ্ট্য | রাষ্ট্রপতি শাসিত সরকার ও এর বৈশিষ্ট্য সুস্পষ্টভাবে লিখেছে | রাষ্ট্রপতি শাসিত সরকারের বৈশিষ্ট্য অধিকাংশ লিখেছে | রাষ্ট্রপতি শাসিত সরকার ও এর বৈশিষ্ট্য আংশিক লিখেছে | রাষ্ট্রপতি শাসিত সরকার ও এর বৈশিষ্ট্য অস্পষ্ট উপস্থাপন | |
| ঘ. সংসদীয় ও রাষ্ট্রপতি শাসিত সরকারের পার্থক্য | সংসদীয় ও রাষ্ট্রপতি শাসিত সরকারের পার্থক্য যথাযথভাবে লিখেছে | সংসদীয় ও রাষ্ট্রপতি শাসিত সরকারের পার্থক্য লিখেছে তবে সুবিন্যাস্ত নয় | সংসদীয় ও রাষ্ট্রপতি শাসিত সরকারের পার্থক্য আংশিক লিখেছে | সংসদীয় ও রাষ্ট্রপতি শাসিত সরকারের পার্থক্য সম্পর্কে অস্পষ্ট ধারণা দিয়েছে | |
| ঙ. উপস্থাপনা কৌশল | সৃজনশীল ও ধারাবাহিক উপস্থাপন | অধিকাংশ (সম্পূর্ণ নয়) সৃজনশীল ও ধারাবাহিক উপস্থাপন | আংশিক সৃজনশীল ও ধারাবাহিক উপস্থাপন | হুবহু পাঠ্যপুস্তক থেকে লিখেছে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০-৯ | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: যুক্তিবিদ্যা | পত্র: প্রথম | বিষয় কোড: ১২১ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৫<br>পঞ্চম অধ্যায়: অনুমান | অবরোহ ও আরোহ অনুমান পরস্পর সম্পর্কযুক্ত– উদাহরণের সাহায্যে যৌক্তিক বিশ্লেষণ | • অনুমানের ধারণা ও প্রকৃতি ব্যাখ্যা করতে পারবে।<br>• অনুমানের প্রকারভেদ বর্ণনা করতে পারবে।<br>• অবরোহ অনুমানের প্রকৃতি ব্যাখ্যা করতে পারবে।<br>• আরোহ অনুমানের প্রকৃতি ব্যাখ্যা করতে পারবে।<br>• অবরোহ ও আরোহ অনুমানের সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে।<br>• প্রদত্ত যুক্তি থেকে অবরোহ ও আরোহ অনুমান পৃথক করতে পারবে। | • অনুমানের সংজ্ঞা ও প্রকৃতি সংক্ষেপে বর্ণনা<br>• অবরোহ ও আরোহ অনুমানের সংজ্ঞা ও বৈশিষ্ট্য সংক্ষেপে ব্যাখ্যা<br>• অবরোহ ও আরোহ অনুমানের পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা<br>• অবরোহ ও আরোহ অনুমানের সাদৃশ্য উদাহরণসহ বিশ্লেষণ<br>• তোমার মতে অবরোহ ও আরোহ অনুমানের মধ্যে কোনটি মৌলিক? নিজস্ব মতামত যুক্তি দিয়ে ব্যাখ্যা | (রুব্রিক্স নিচে দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. অনুমানের সংজ্ঞা ও প্রকৃতি উপস্থাপণ | উদাহরণসহ অনুমানের সংজ্ঞা ও প্রকৃতি সংক্ষেপে যথাযথভাবে বর্ণনা করলে | উদাহরণসহ অনুমানের সংজ্ঞা ও প্রকৃতি সংক্ষেপে বর্ণনা যথাযথ না হলে অসম্পূর্ণ হলে | উদাহরণ ছাড়া অনুমানের সংজ্ঞা ও প্রকৃতি সংক্ষেপে বর্ণনা করলে | উদাহরণ ছাড়া শুধু অনুমানের ধারণা ব্যক্ত করলে | |
| খ. অবরোহ ও আরোহ অনুমানের সংজ্ঞা ও বৈশিষ্ট্য সংক্ষেপে ব্যাখ্যা | উদাহরণসহ অবরোহ ও আরোহ অনুমানের সংজ্ঞা ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করলে | উদাহরণসহ অবরোহ ও আরোহ অনুমানের সংজ্ঞা ও বৈশিষ্ট্যের ধারণা দিলে | উদাহরণ ছাড়া অবরোহ ও আরোহ অনুমানের সংজ্ঞা ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করলে | উদাহরণ ছাড়া অবরোহ ও আরোহ অনুমানের সংজ্ঞা ও বৈশিষ্ট্যের ধারণা দিলে | |
| গ. পার্থক্য ব্যাখ্যাকরণ | উদাহরণসহ সঠিকভাবে আবরোহ ও আরোহ অনুমানের পার্থক্য ব্যাখ্যা করলে | উদহারণসহ অবরোহ ও আরোহ অনুমানের পার্থক্য ব্যাখ্যা না করে শুধু উপস্থাপন করলে | উদহারণ ছাড়া অবরোহ ও আরোহ অনুমানের পার্থক্য ব্যাখ্যা করলে | উদাহরণ ছাড়া অবরোহ ও আরোহ অনুমানের পার্থক্য শুধু উপস্থাপন করলে | |
| ঘ. সাদৃশ্য বিশ্লেষণ | উদহারণসহ অবরোহ ও আরোহ অনুমানের সদৃশ্য সুস্পষ্টভাবে বিশ্লেষণ করলে | উদহারণসহ অবরোহ ও আরোহ অনুমানের সাদৃশ্য অস্পষ্ট বিশ্লেষণ করলে | উদহারণ ছাড়া অবরোহ ও আরোহ অনুমানের সাদৃশ্য বিশ্লেষণ করলে | উদহারণ ছাড়া অবরোহ ও আরোহ অনুমানের সাদৃশ্য শুধু তুলে ধরলে | |
| ঙ. নিজস্ব মতামত | অবরোহ ও আরোহ অনুমানের মধ্যে কোনটি মৌলিক, এ সম্পর্কে নিজস্ব মতামত উদাহরণসহ যুক্তি দিয়ে ব্যাখ্যা করলে | অবরোহ ও আরোহ অনুমানের মধ্যে কোনটি মৌলিক, এ সম্পর্কে নিজস্ব মতামত উদাহরণসহ যুক্তি ছাড়া ব্যাখ্যা করলে | অবরোহ ও আরোহ অনুমানের মধ্যে কোনটি মৌলিক, এ সম্পর্কে নিজস্ব মতামত উদাহরণ ছাড়া ব্যাখ্যা করলে | অবরোহ ও আরোহ অনুমানের মধ্যে কোনটি মৌলিক, এ সম্পর্কে শুধু নিজস্ব মতামত ব্যক্ত করলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ২০

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ৯ বা ৯ এর কম | অগ্রগতি প্রয়োজন |